গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং- ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০১.২০২৪-২৪৬

তারিখঃ ০১ আগস্ট, ২০২৪ / ১৭ শ্রাবণ, ১৪৩১

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ০১/০৮/২০২৪খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০টা

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০১ আগস্ট, ২৪ খ্রি: তারিখ সকাল ০৯:৩০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পুর্বাভাসঃ** ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ০১ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (০১.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (০২.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**তৃতীয় দিন (০৩.০৮.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায়। ঢাকা, ময়মনসিংহ, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং খুলনা ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৫ | ৩৬.২ | ৩৬.৫ | ৩৩.৪ | ৩২.৮ | ৩৩.৫ | **৩৬.৭** | ৩৩.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৮ | ২৬.৫ | ২৫.৭ | ২৬.৫ | ২৬.৩ | **২৪.৮** | ২৬.০ | ২৫.০ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ৩৬.৭° সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুতুবদিয়া ২৪.৮° সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

(১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০১ আগস্ট, ২০২৪ খ্রিঃ)

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে ।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ফলে এ সময় দেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে।
- দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ফলে এ সময় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের মুহুরি, ফেণী, হালদা, সাঙ্গু ও কর্ণফুলী নদীসমূহের পানি সমতল সময় বিশেষে বৃদ্ধি পেতে পারে এবং মাতামুহুরি নদীর পানি সমতল স্থিতিশীল থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হ্রাস পেতে পারে ।

## পানি সমতল ও বারিপাত তথ্য:

### বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

| বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| মাতামুহুরি | লামা | বান্দরবন | ১১.৮০ | ১২.৩৩ | +৩৮৮ | +৫৩ |

### গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লামা (বান্দরবন) | ১৮৩.০ | টেকনাফ (কক্সবাজার) | ১৪২.০ | বরগুনা | ১৪২.০ |
| পটুয়াখালী | ১২৪.০ | কক্সবাজার | ১১৫.০ | সাতক্ষীরা | ১১৪.০ |
| বান্দরবন | ১১১.০ | চাঁদপুর | ৮৯.০ | নারায়ণহাট (চট্টগ্রাম) | ৭৫.০ |
| যশোর | ৭৩.০ | পরশুরাম (ফেনী) | ৬৯.০ | নোয়াখালী | ৬০.০ |
| রামগড় (ফেনী) | ৬০.০ | লালাখাল (সিলেট) | ৫৮.০ | শেওলা (সিলেট) | ৩৯.০ |

### ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| পাসিঘাট (অরুণাচল) | ৭৬.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৫৮.০ |

### নদ-নদীর অবস্থা

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১০ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৩২ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৭৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০১ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০১ |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | | | ০১ |
| বন্যা আক্রান্ত জেলার সংখ্যা | | | ০০ |
| বিপদসীমার উপরে নদীসমূহের নাম: | মাতামুহুরি | | |
| বন্যা আক্রান্ত জেলাসমূহের নাম: | - | | |

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩১ জুলাই, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০১ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ১ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৪ | ০ | ০ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

স্বাক্ষরিত/০১.০৮.২০২৪
(মোহাম্মদ নাজমুল আবেদীন)
যুগ্মসচিব (এনডিআরসিসি)

নং- ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০১.২০২৪-২৪৬/১(৫৫)

তারিখঃ ০১ আগস্ট, ২০২৪ / ১৭ শ্রাবণ, ১৪৩১

**সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা/পদ মর্যাদার ক্রমানুসারে নহে):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনাবাগিচা, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৪। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
১৮। সচিব, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
১৯। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২৯। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
৩২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩৯। সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪১। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪২। মহাপরিচালক (গ্রেড-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, বা/এ, ঢাকা।
৪৩। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইলেকট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৪৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৪৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৪৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৭। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৮। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৯। জেলা প্রশাসক, ........... (সকল) [দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯ (SOD) মোতাবেক দুর্যোগ ঝুঁকি ও ক্ষয়ক্ষতি হ্রাসে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও সমন্বয় সাধনের অনুরোধসহ]।
৫০। পরিচালক (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বা/এ, মহাখালী, ঢাকা।
৫১। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
৫২। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, ঢাকা।
৫৩। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
৫৪। মাননীয় প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫৫। উপজেলা নির্বাহী অফিসার --------------(সকল)।

নং- ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০১.২০২৪-২৪৬/২(৯)

তারিখঃ ০১ আগস্ট, ২০২৪ / ১৭ শ্রাবণ, ১৪৩১

**অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। উপ-প্রধান তথ্য অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৮। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (২৪X৭) খোলা থাকে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্ন বর্ণিত টেলিফোন/ email এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ টেলিফোন নম্বরঃ ৫৫১০১১১৫, ৫৫১০১২১৭; Email: ndrcc.dmrd@gmail.com, ndrcc@modmr.gov.bd

**দুর্যোগের আগাম বার্তা পাওয়ার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০৯০ টোল ফ্রি নম্বরে ডায়াল করুন।**

০১/০৮/২০২৪

(মোঃ হাছান আলী)
সহকারী সচিব (এনডিআরসিসি)
ফোন: ৫৫১০১১১৫
Email: ndrcc@modmr.gov.bd